

# আমাদের সময়

আমাদের সময়, ০৩-০২-২০২২, অনলাইন



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ

নিজস্ব প্রতিবেদক

৩ ফেব্রুয়ারি ২০২২ ০৩:৩৮ পিএম | আপডেট: ৩ ফেব্রুয়ারি ২০২২ ০৩:৩৮ পিএম



অনলাইন প্ল্যাটফর্ম জুমে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের নবীনবরণ। ছবি : সংগৃহীত

দেশের অন্যতম প্রধান বেসরকারি বিশ্ববিদ্যালয় ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ২০২২ সালের বসন্তকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ অনুষ্ঠিত হয়েছে। করোনা সংক্রমণের কারণে আজ বৃহস্পতিবার অনলাইন প্ল্যাটফর্ম জুমে এই নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এই সেমিস্টারে স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণিতে প্রায় এক হাজার ৭৫০ শিক্ষার্থীকে বরণ করা হয়েছে। অনুষ্ঠানে নবীনদের বরণ করে নেওয়ার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়ম-কানুন, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা দেওয়া হয়। সেই সঙ্গে শিক্ষক ও কর্মকর্তাদের সঙ্গেও পরিচয় করিয়ে দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান এবং স্বাগত বক্তব্য রাখেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মাদ জিয়াউলহক মামুন।